তারিখ ... 28 OCT 2016 ...
পৃষ্ঠা ... 22 ... কলাম ... 2 ......

যুগান্তর

# মাগুরা বালিকা বিদ্যালয়ের অর্থ আত্মসাৎ : দুই কর্মচারী গ্রেফতার

**মাগুরা প্রতিনিধি**

মাগুরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের স্বাক্ষর জাল করে ব্যাংক থেকে ৫ লক্ষাধিক টাকা তুলে আত্মসাৎ ও গুরুত্বপূর্ণ ফাইল চুরির অভিযোগে পুলিশ ২ কর্মচারীকে বৃহস্পতিবার বিকালে স্কুল থেকে গ্রেফতার করেছে।

প্রধান শিক্ষক লিপিকা সরকার সাংবাদিকদের জানান, ৭ অক্টোবর তারিখে স্কুলের গুরুত্বপূর্ণ ফাইল ও চেক বই নিখোঁজ হয়। এ বিষয়ে তিনি সদর থানায় জিডি করেন ও সিনিয়র শিক্ষক দীপক কুমার রায়কে প্রধান করে ৫ সদস্যের তদন্ত কমিটি গঠন করেন। তদন্ত চলাকালে ২৫ অক্টোবর রাতে স্কুলের দুই এমএলএসএস অর্চনা রাণী ও জামসেদ শেখ প্রধান শিক্ষকের বাড়িতে গিয়ে তার কাছে এ বিষয়ে স্বীকারোক্তি দেন। তারা প্রধান শিক্ষককে জানান, ইতিপূর্বে তারা জালিয়াতির মাধ্যমে স্কুলের চেক দিয়ে কিছু টাকা ব্যাংক থেকে তুলেছেন। যা লুকাতে ৭ অক্টোবর সন্ধ্যায় স্কুলের ফাইল সংরক্ষণ কক্ষ থেকে চেক বই ও সংশ্লিষ্ট কিছু ফাইল চুরি করেছেন। তাদের স্বীকারোক্তি সূত্র ধরে তদন্ত করতে গিয়ে বেরিয়ে আসে ওই ২ কর্মচারী চলতি বছরের জুলাই মাস থেকে স্কুলের চেক বই নিয়ে প্রধান শিক্ষকের স্বাক্ষর জাল করে কমপক্ষে ৫ লক্ষাধিক টাকা তুলে নিয়েছেন। বৃহস্পতিবার বিকাল ৩টার দিকে তাদের সদর থানা পুলিশে দেয়া হয়। প্রধান শিক্ষক আরও জানান, ওই দুই কর্মচারীর কাছে স্কুলের ফাইল সংরক্ষণ কক্ষের তালা চাবি থাকত। তারা গোপনে বিকল্প চাবি বানিয়ে বা অন্য কোনো উপায়ে কক্ষের ভেতরে থাকা আলমারির তালা খুলে চেক নিয়ে তার স্বাক্ষর জাল করে এ টাকা তুলে নিয়েছে। তবে মোট খোয়া যাওয়া টাকার পরিমাণ কত তা সঠিকভাবে বলা যাচ্ছে না। কারণ স্কুলের মোট ২৪টি তহবিল আছে। এমন অনেক তহবিল আছে যার টাকা অনিয়মিতভাবে তোলা হয়। এ বিষয়ে মাগুরা সদর থানার এসআই রিয়াজুল ইসলাম জানান, ওই দুই কর্মচারীকে গ্রেফতার করা হয়েছে।